

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.haji.gov.bd


স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১১.০০৭.১৬-৩১৯

তারিখ: ১৫/০৩/২০১৮ খ্রি.

বিষয়: হজ গাইড নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ।

১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সনে হজে গমনেচ্ছু সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের সার্বিক সহায়তা ও সেবা প্রদানের লক্ষ্যে প্রতি জেলায় প্রতি ৪৫ জন হজযাত্রীর জন্য ০১ (এক) জন হজ গাইড নিয়োগের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরখাস্ত আহ্বানের মেয়াদ ১৫.০৩.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। এ মেয়াদ আগামী ২২.০৩.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। গাইড হিসেবে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তিগণকে আগামী ২২.০৩.২০১৮ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা হজ গাইড নির্বাচন কমিটি বরাবর নিম্নবর্ণিত তথ্যাদিসহ আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো:


- (ক) আবেদনকারীকে ৪৫ (পয়তাল্লিশ) জন হজযাত্রী সংগ্রহকরে সংশ্লিষ্ট হজযাত্রী সংগ্রহের প্রমাণক হিসেবে পাসপোর্ট অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;
- (খ) আবেদনকারীকে একজন দক্ষ হজ গাইড এবং অনধিক ৫৫ বছরের গ্রাজুয়েট বা ফাজিল/কামিল/দাওরায়ে হাদীস/কুরআনে হাফেজ/মসজিদের ইমাম হতে হবে;
- (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থা/প্রকল্পে কর্মরত গ্রাজুয়েট বা ফাজিল/কামিল/দাওরায়ে হাদীস সম্পন্নকারী;
- (ঘ) আবেদনকারীকে উত্তম চরিত্রের অধিকারী বাংলাদেশী মুসলমান আমলওয়াল পুরুষ যাকে সিরাত-সুরাত, পোষাক, আদব-কায়দা ইত্যাদি ক্ষেত্রে মহানবী (সা.) এর অনুসারী হতে হবে, ধার্মিক, নিরপেক্ষ, পরিশ্রমী ও অমায়িক এবং তাকে অবশ্যই হজের আহকাম-আরকান অর্থাৎ হজযাত্রীদের জেদ্দা-মক্কা, মদিনা, আরাফাহ, মুজদালিফা ও জামারায় করণীয় সম্পর্কে স্বচ্ছ জ্ঞান, হজ ও ওমরাহ নীতি, হজ প্যাকেজ, লাগেজরুলস, সৌদি আইন-কানুন, নাগরিক জ্ঞান ভ্রমণকালীন উদ্ভূত সমস্যা মোকাবেলায় পারদর্শী হতে হবে;
- (ঙ) যিনি একজন দক্ষ হজ গাইড নির্বাচিত হবেন তিনি কোক্রমেই কোন হজ এজেন্সির স্বত্বাধিকারি/অংশীদার/পরিচালক/এজেন্ট/মোনাঞ্জেম হতে পারবেন না;
- (চ) একজন দক্ষ গাইড হিসেবে তাদেরকে জেলা হজ গাইড নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত হতে হবে;
- (ছ) সরকার কর্তৃক মনোনীত গাইডকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও কাউন্সেলর (হজ) এর তত্ত্বাবধানে সৌদি আরবে দায়িত্ব পালন করতে হবে;
- (জ) এছাড়াও হজ ও ওমরাহ নীতি ও হজযাত্রীদের জন্য হজ গাইড ব্যবস্থাপনা সংক্রান্ত গাইড লাইনসহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত যে কোন নির্দেশনা প্রতিপালন করতে হবে।

  
এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব (হজ)  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
ফোন : ৯৫৮৪৩২২  
e-mail.morahajsection@gmail.com  
(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

পাতা-০২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী মহোদয়দের সদয় অবগত করার অনুরোধসহ)।
২. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (মাননীয় সংসদ সদস্যগণকে বিষয়টি অবগত করার অনুরোধসহ)।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সকল জেলার উপ-পরিচালকগণকে এ বিষয়ে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় ..... (সকল জেলা)।
৬. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিবের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
১১. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, হোটেল ভিক্টরী, ঢাকা (বিষয়টি সকল এজেন্সীসমূহকে অবহিত করণের অনুরোধসহ)।
১২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৩. অফিস কপি।

  
এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব (হজ)।